

# যুগান্তর

## এমপিওভুক্তির দাবিতে আজ শিক্ষকদের গণসমাবেশ

৩০০ এমপিকে স্মারকলিপি  
 যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে প্রেস ক্লাবের সামনে আজ 'গণসংহতি সমাবেশ' করবেন স্বীকৃতিপ্রাপ্ত স্কুল, কলেজ ও মহাস্থান শিক্ষক-কর্মচারীরা। বেলা ১১টায় জাতীয় প্রেস ক্লাবে এ কর্মসূচি শুরু হবে। অপরদিকে এমপিওভুক্তির এ দাবি সংসদ অধিবেশনে উত্থাপনের জন্য ৩০০ সংসদ সদস্যকে স্মারকলিপি দেয়া হয়েছে। শিক্ষকদের প্রতিনিধিরা সংসদ ভবন এলাকায় সংসদ সদস্যদের অফিসে ও বাসায় গিয়ে স্মারকলিপিগুলো পৌঁছে দেন বলে জানা গেছে। আজ জাতীয় সংসদের অধিবেশন শুরু হওয়ার কথা রয়েছে। ওদিকে আন্দোলনের ১৩তম দিনে লাগাতার অবস্থান কর্মসূচিতে শনিবার নতুন করে শিক্ষকরা যোগ দিচ্ছেন। তাঁরা ৬ দিন অনশন পালনের পর বিশিষ্ট নাগরিকদের অনুরোধে শিক্ষকরা বুধবার তাঁর ভাঙে। এরপর থেকে তারা একই স্থানে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করছেন। আন্দোলনের শিক্ষকরা প্রেস ক্লাবের সামনেই রাতদিন অবস্থান করছেন। শুক্রবার দিবাগত রাতে হঠাৎ করে ঠাণ্ডা বেড়ে যাওয়ায় দু'জন শিক্ষক অসুস্থ হয়ে পড়েন। তারা হলেন স্মিনাইদেহের আনোয়ার হোসেন এবং মাগুরার দেলোয়ারা বেগম। শনিবার তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বিকাল পৌনে ৫টার দিকে এ রিপোর্ট লেখাকালে সেখানেই তারা চিকিৎসাধীন ছিলেন বলে জানিয়েছেন এই আন্দোলনের নেতৃত্বদাতা সংগঠন নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী ফেডারেশনের সভাপতি মো. এশারত আলী। তিনি বলেন, দাবি পূরণের বিষয়ে সুনির্দিষ্ট ঘোষণা না আসা পর্যন্ত তারা অনশন চালিয়ে যাবেন।

উল্লেখ্য, এমপিওভুক্তির দাবিতে শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের ১৩তম দিন পার হয়েছে শনিবার। এশারত আলী বলেন, '১০ থেকে ১৫ বছর ধরে ২০ লাখ শিক্ষার্থীকে পাঠদানকারী প্রায় ১ লাখ ২০ হাজার শিক্ষক ও কর্মচারী বিনা বেতনে মানবেতর জীবনযাপন করছেন।'